# ঘরবাড়ী উপযুক্ত (adapt) করার জন্য সাহায্য পাওয়া

আপনি যে ব্যক্তির যত্ন করছেন তার হয়ত কতকগুলি বিশেষ প্রয়োজনীয়তা (special needs) থাকতে পারে। তার মানে হল যে হয় তার বাড়ী উপযুক্ত (adapt) করার দরকার হবে অথবা সেই ব্যক্তি যদি আপনার বাড়ীতে থাকেন তাহলে আপনার বাড়ীকে উপযুক্ত (adapt) করার দরকার হবে। বাড়ীতে হয়ত অন্যান্য মেরামতেরও দরকার হতে পারে {যেমন - ডেম্প সারানো(damp treatment), নুতন ছাদ লাগানো(roof replacement)}

আপনার যদি এই কাজ করাবার আর্থিক সামর্থ্য না থাকে, তাহলে আপনি হয়ত বাড়ী সারানোর, উন্নত করার অথবা উপযুক্ত করার জন্য আর্থিক সাহায্য পেতে পারেন। কোন কোন ক্ষেত্রে এই সাহায্য হয়ত কয়েক হাজার পাউন্ড হতে পারে।

এটা নির্ভর করে আপনি কোথায় বাস করেন, ইংলেন্ডে, নর্দান আয়ারল্যান্ডে, স্কটল্যান্ডে অথবা ওয়েলসে। এই সব বিভিন্ন জায়গায় এই গ্রান্ট(grant) প্রদানের বিভিন্ন ধরনের নির্দিষ্ট ব্যবস্থা রয়েছে।

যদি আপনার গ্রান্ট(grant) পাওয়ার যোগ্যতা না থাকে অথবা এই গ্রান্ট (grant)দ্বারা সম্পূর্ন কাজ না করানো যায়, তাহলে হয়ত অন্য কোন ভাবে এই বাড়ী মেরামত এবং সারানোর জন্য টাকা যোগাড় করার উপায় থেকে থাকতে পারে।

## আপনি যদি ইংলেন্ডে অথবা ওয়েলসে বাস করেন তাহলে কি ভাবে এই গ্রাণ্টের (grant) জন্য আবেদন করবেন

বাড়ী সারানোর, উন্নত করার অথবা উপযুক্ত করার জন্য ইংল্যান্ডে এবং ওয়েলসে তিন রকমের গ্রাণ্ট (grant) পাওয়ার ব্যবস্থা রয়েছে:

- রেনোভেশন গ্রান্টগুলি - বাড়ীতে কোন বড় ধরনের মেরামত, উন্নত করা এবং উপযুক্ত করার জন্য
- ডিসেবল ফেসিলিটিস গ্রান্টগুলি - বিকলাঙ্গ ব্যক্তিরা যাতে আরও বেশী করে নিজের উপর নির্ভর করতে পারেন সেই ব্যপারে সাহায্য করার জন্য
- হোম রিপেয়ার এসিসটেন্স - বাড়ীতে ছোটখাট ধরনের মেরামত, উন্নত করা এবং উপযুক্ত করার জন্য

যদি আপনার গ্রান্ট(grant) পাওয়ার যোগ্যতা না থাকে অথবা এই গ্রান্ট (grant)দ্বারা সম্পূর্ন কাজ না করানো যায়, তাহলে হয়ত অন্য কোন ভাবে এই বাড়ী মেরামত এবং সারানোর জন্য টাকা যোগাড় করার উপায় থেকে থাকতে পারে।

# রেনোভেশন গ্রাণ্টগুলি

আপনি আপনার বাড়ীতে কোন বড় ধরনের মেরামত, উন্নত করা এবং উপযুক্ত করার জন্য রেনোভেশন গ্রাণ্ট পেতে পারেন।

**কে কে রেনোভেশন গ্রাণ্ট পেতে পারেন?**

রেনোভেশন গ্রাণ্ট পেতে গেলে আপনাকে অবশ্যই:

- আপনাকে নিজের বাড়ীতে অথবা কোন প্রাইভেট বাড়ীতে ভাড়াটে হিসাবে বাস করতে হবে - গ্রাণ্টের জন্য আবেদন করার সময় বাড়ী অবশ্যই অন্তত দশ বৎসরের পুরানো হতে হবে।
- গ্রাণ্টের জন্য আবেদন করার আগে সেই বাড়ীতে অন্তত তিন বৎসর বাস করতে হবে, যদি না:
    - যে এলাকা পুনরুদ্ধার (renovation) করা হচ্ছে আপনার বাড়ী যদি সেই এলাকায় হয়
    - এলাকা পুনরুদ্ধার (renovation) করার আগে যদি লোকাল কাউন্সিল আপনাকে আবেদন করার অনুমতি দেয়
    - যে কাজ করা হবে তা আগুন ধরা প্রতিরোধ (precautions) করার জন্য
    - বাড়ীর পরিবর্তের জন্য কাজ করানোর দরকার

**আপনি রেনোভেশন (renovation) গ্রাণ্ট কোন কোন কারনে পেতে পারেন?**

- একজন বিকলাঙ্গ ব্যক্তির বাস করার জন্য আইনত যে মানের বাড়ী হতে হবে, বাড়ীকে সেই মানের উপযুক্ত করার জন্য। তার মানে হল যে বাড়ী যেন:
    - বাড়ীর কাঠামো সুপ্রতিষ্ঠিত (stable)
    - বাড়ী বিশেষ ভাঙ্গাচোরা নয়, ভালভাবেই সারানো আছে
    - বাড়ীতে কোন ডেম্প (damp) নাই যাতে ব্যক্তিগত স্বাস্থ্য খারাপ হতে পারে
    - বাড়ীতে যথেষ্ট আলো, হাওয়া এবং উত্তাপের ব্যবস্থা আছে
    - খাবার তৈরী করা এবং রান্নার জন্য উপযুক্ত ব্যবস্থা আছে
    - বাড়ীতে যারা থাকবেন তাদের ব্যবহারের জন্য টয়লেট এবং বাথরুম সুবিধামত জায়গায় আছে
    - বাড়ীতে কার্যকরী ড্রেনের ব্যবস্থা আছে

- আপনার বাড়ীর মান উন্নত করার জন্য অন্যান্য কাজ করাতে হবে যেমন: বাড়ীতে আগুন ধরলে পালাবার পথ তৈরী করা, বাড়ী গরম রাখার জন্য ছাদে ইনস্যুলেশন (loft insulating) বসানো অথবা বাড়ী অদল বদল করানো যাতে এই বাড়ীতে বিকলাঙ্গ ব্যক্তি বাস করতে পারেন।

## স্থানীয় কাউন্সিল কি ভাবে স্থির করে যে আপনাকে গ্রাণ্ট দেওয়া হবে কি না বা দেওয়া হলেও কত দেওয়া হবে?

বাড়ীর রেনোভেশন গ্রান্ট দেওয়া হচ্ছে স্বেচ্ছাধীন এবং প্রত্যেক স্থানীয় কাউন্সিলের রেনোভেশন গ্রান্ট দেওয়ার প্রাধান্য হচ্ছে ভিন্ন প্রকারের (কোন কোন কাউন্সিলে বাড়ী পুনরুদ্ধার (renovation) করার জন্য কোন গ্রাণ্ট দেওয়া হয় না) - স্থানীয় কাউন্সিলের হাউজিং ডিপার্টমেন্ট থেকে এই সম্বন্ধে সব খবরাখবর পাবেন।

কাউন্সিল নীচের বিষয়গুলি বিবেচনা করে কত টাকা দেবে সেটা ঠিক করে:

- আবেদনকারী কত বেতন পান এবং তার কত টাকা জমানো আছে
- অন্য যে কোন ব্যক্তির যার এই বাড়ীতে থাকবার ইচ্ছা আছে, তিনি কত বেতন পান এবং তার কত জমানো টাকা আছে। তারও গ্রাণ্টের জন্য আবেদন করার অধিকার আছে।

যদি আবেদন ১৮ বৎসর নীচের বাচ্চার তরফ থেকে করা হয়ে থাকে, তাহলে কাউন্সিল কত টাকার গ্রাণ্ট দেবে তা নির্ভর করে পিতা মাতার আয় এবং জমানো টাকার উপর।

প্রত্যেক ক্ষেত্রে, সর্বাধিক কত টাকা দেওয়া যেতে পারে আইনত তার কোন সীমা নির্ধারন করে দেওয়া হয় নি। যদিও স্থানীয় কাউন্সিল নিজেরা স্থির করতে পারেন যে প্রত্যেক ক্ষেত্রে তারা কত টাকার গ্রাণ্ট দেবেন।

**যদি স্থানীয় কাউন্সিল আপনাকে গ্রাণ্টদেবে বলে স্থির করে তাহলে কি কি শর্তে তা দেওয়া হবে?**

যতক্ষন পর্যন্ত গ্রাণ্ট অনুমোদন (approved) করা না হয় ততক্ষন পর্যন্ত কাজ আরম্ভ করা যাবে না। বেশীর ভাগ স্থানীয় কাউন্সিলই প্রত্যাশা করে যে গ্রাণ্ট অনুমোদনের ১২ মাসের মধ্যে বাড়ীর কাজ শেষ করা হবে। আবেদন করার সময় যে সকল কণ্ট্রাকটররা সম্ভাব্য ব্যয়ের (estimate) হিসাব দিয়েছিল, তাদের মধ্যে একজনকেই এই কাজ করতে হবে।

আপনি/আপনারা যদি গ্রাণ্ট পাওয়ার পাঁচ বৎসরের মধ্যে বাড়ী বিক্রী করেন তাহলে এই গ্রান্ট হয়ত ফেরত দিতে হতে পারে। তবে সাধারনতঃ যে ব্যক্তিকে গ্রাণ্ট দেওয়া হয়েছিল তিনি যদি মারা যান তাহলে এই গ্রাণ্ট আর ফেরত দিতে হয় না।

## কি ভাবে রেনোভেশন (renovation) গ্রাণ্টের জন্য আবেদন করবেন?

হয় স্থানীয় কাউন্সিলের হাউজিং ডিপার্টমেন্ট (housing department) অথবা এনভায়রনমেন্টাল হেল্থ ডিপার্টমেন্টের (environmental health department) সঙ্গে যোগাযোগ করে রেনোভেশন (renovation) গ্রাণ্টের আবেদন পত্র চান।

যখন এই আবেদনপত্র পুরণ করবেন, তখন আপনার/আপনাদের বাড়ী সম্বন্ধে সব রকম তথ্য এবং বাড়ীতে কি কি কাজ করাতে চান, সব জানাতে হবে। বাড়ী যদি আপনার/আপনাদের নিজের হয় তাহলে আপনাকে এই বলে একটা সার্টিফিকেট পুরণ করতে হবে যে আপনার অথবা আপনার পরিবারের একজন কোন সদস্যের এই বাড়ীতে পাঁচ বৎসর বাস করার ইচ্ছা রয়েছে। আপনি/আপনারা যদি ভাড়াটে হন তাহলে আপনাকে এবং আপনার বাড়ীওয়ালাকে এই একি সার্টিফিকেট পুরণ করতে হবে। আবেদন পত্রের সঙ্গেই এই সার্টিফিকেট আপনাকে দেওয়া হবে।

কি ভাবে আবেদন করবেন এই বিষয়ে কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আপনাকে/ আপনাদেরকে সাহায্য করতে পারে এবং উপদেশ দিতে পারে এবং যে কাজ করানো হবে তা আপনার হয়ে তত্ত্বাবধান করতে পারে। আপনার এলাকায় কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আছে কি না তা জানার জন্য নীচের ঠিকানায় যোগাযোগ করুন:

| | |
|---|---|
| ফাউন্ডেশনস | Foundations |
| ব্লিকলো হাউস | Bleaklow House |
| হাউউড টাউন রোড | Howood Town Road |
| গ্লসপ | Glossop |
| এসকে১৩ ৮এইচটি | SK13 8HT |
| টেলিফোন: ০১৪৫৭ ৮৯১ ৯০৯ | Tel: 01457 891909 |

**কি ভাবে অভিযোগ করবেন**

আপনি/ আপনারা যদি গ্রান্টের জন্য আবেদন করে থাকেন এবং যে ভাবে আপনার/ আপনাদের সঙ্গে ব্যবহার করা হয়েছে অথবা আপনার/ আপনাদের আবেদনের যে বিচার (decision) করা হয়েছে সেই ব্যপারে সন্তুস্ট নন তাহলে এর জন্য অভিযোগ করতে পারেন।

## ডিসেবলড ফেসিলিটিস গ্রান্ট (Disabled facilities grants)

ডিসেবলড ফেসিলিটিস গ্রান্ট (Disabled facilities grants) দেওয়া হয় বিকলাঙ্গ ব্যক্তিদের, যারা নিজেরা বাড়ীতে অনেক স্বাধীনভাবে নিজেদের যত্ন নিতে পারেন।

**কে কে ডিসেবলড ফেসিলিটিস গ্রান্ট (Disabled facilities grants) পেতে পারেন?**

আপনি হয়ত ডিসেবলড ফেসিলিটিস গ্রান্টের (Disabled facilities grants) জন্য আবেদন করতে পারেন আপনি নিজে বিকলাঙ্গ অথবা অন্য কোন ব্যক্তি যিনি আপনার সঙ্গে থাকেন তিনি বিকলাঙ্গ। ডিসেবলড ফেসিলিটিস গ্রান্ট (Disabled facilities grants) পেতে হলে আপনাকে নীচের একটা হতে হবে:

- একজন মালিক-বসবাসকারী (owner-occupier)- তার মানে হল যে আপনার নিজের বাড়ী আছে এবং আপনি সেই বাড়ীতে বাস করেন।
- একজন প্রাইভেট ভাড়াটিয়া - তার মানে হল যে আপনি যে বাড়ীতে থাকেন সেটা হল ভাড়া বাড়ী
- একজন বাড়ীওয়ালা যার ভাড়াটিয়া/ রা হল বিকলাঙ্গ - তার মানে হল যে বাড়ী আপনার নিজের এবং বাড়ী ভাড়া দিয়েছেন বিকলাঙ্গ লোকেদের।
- একজন কাউন্সিলের ভাড়াটিয়া - তার মানে হল যে আপনি কাউন্সিল থেকে বাড়ী ভাড়া করেছেন।

- একজন হাউজিং এসোসিয়েশনের ভাড়াটিয়া - তার মানে হল যে আপনি াউজিং এসোসিয়েশন থেকে বাড়ী ভাড়া করেছেন।

কাউন্সিল বাড়ী দেখতে আসবে এবং তার কারণ হল এই যে তারা দেখবে যে কাজ আপনি করাতে চাইছেন তা এই বাড়ীর পক্ষে উপযুক্ত কি না। তাদের আরো সন্তুস্ট হতে হবে যে বিকলাঙ্গ ব্যক্তির জন্য বাড়ীতে এই কাজ করানোর দরকার আছে এবং এইজন্য তারা এই ব্যপারে স্থানীয় সোসাল সার্ভিসের সঙ্গে আলোচনা করবে। স্থানীয় সোসাল সার্ভিস বিভাগ তাদের একজন কর্মী এসে বিকলাঙ্গ ব্যক্তিকে দেখার এবং তার প্রয়োজনীয়তা যাচাই করার ব্যবস্থা করবে।

## আপনি **ডিসেবলড ফেসিলিটিস গ্রান্ট (Disabled facilities grants) ক্বিসের জন্য পেতে পারেন?**

কিছু কিছু ক্ষেত্রে কাউন্সিলকে টাকা দিতেই হবে। এটাকে বলা হয় 'কর্তৃত্বব্যঞ্জক গ্রান্ট' (mandatory grant)

এবং অন্যান্য ক্ষেত্রে তারা বিচার করে দেখে যে তারা টাকা দেবে কি না। এটাকে বলা হয় 'ইচ্ছাধীন গ্রান্ট' (discretionary grant)। বাড়ীর কাজের জন্য ডিসেবলড ফেসিলিটিস গ্রান্ট (Disabled facilities grants) টাকা পেতে হলে সোসাল সার্ভিসের ওকুপেশনেল থেরাপিস্টকে এই কাজের জন্য স্বপারিশ করতে হবে এই কারনে যে এই কাজ করা হলে বিকলাঙ্গ ব্যক্তি আরামে থাকতে পারবেন।

আপনি'কর্তৃত্বব্যঞ্জক গ্রান্ট' (mandeatory grant) পেতে পারেন নিম্নলিখিত কারনে:

- বাড়ীতে ঢুকবার এবং বাড়ীর বাইরে বের হবার ব্যাবস্থার উন্নতি করার জন্য।
- বিকলাঙ্গ ব্যক্তি এবং অন্যান্যদের বসবাস নিরাপদ করার জন্য।
- যে ঘরকে পরিবারের প্রধান ঘর হিসাবে ব্যবহার করা হয় বা করাযেতে পারে, সেই ঘরে ঢুকবার এবং বের হবার ব্যবস্থার উন্নতি করার জন্য।
- বিকলাঙ্গ ব্যক্তি যাতে নিজে খাবার নিজেই তৈরী করতে পারেন তার স্বযোগ স্ববিধার উন্নতি করার জন্য।
- একটা ঘর যেটা শোবার ঘর হিসাবে ব্যবহার করা হচ্ছে অথবা বর্তমানে ব্যবহারের অযোগ্য তার উন্নতি করার জন্য।
- বর্তমান বাথরুম বা টয়লেটের ব্যবহারের উন্নতি অথবা নুতন বাথরুম বা টয়লেট তৈরী করা।
- বাড়ীতে ঢুকবার এবং বাড়ীর ভিতরে চলাফেরার উন্নতি করা যাতে বিকলাঙ্গ ব্যক্তি অন্য কারো যত্ন নিতে পারেন (যেমন: একটি শিশুর) এবং নিজেও সেখানে বাস করতে পারেন।
- বাড়ীতে আলো এব হিটিং এর উন্নতি করার জন্য - যেমন: বিকলাঙ্গ ব্যক্তিরা চোখে কম দেখেন, অথবা তাদের এমন কোন রোগ আছে যে তাদের সব সময় গরম ঘরে বাস করতে হয়।

'কর্তৃত্বব্যঞ্জক গ্রান্টে' (mandatory grant) আপনি সর্বাধিক পরিমান পেতে পারেন ইংল্যান্ডে ২০,০০০.০০ পাউন্ড এবং ওয়েলসে ২৪,০০০.০০ পাউন্ড। বাড়ীতে যে কাজ করাতে হবে তার জন্য যদি এর থেকে বেশী পরিমান টাকার দরকার হয় তাহলে কাউন্সিল হয়ত আপনাকে 'ইচ্ছাধীন' (discretionary) ডিসেবলড ফেসিলিটিস গ্রান্ট (Disabled facilities grants) দিতে পারে। এর জন্য নীচে দেখুন।

দয়া করে মনে রাখবেন যে গ্রান্ট পেতে দেরী হতে পারে - এই দেরী হয়ত আপনার আবেদনের করার সময় থেকে ১২ মাস পর্য্যন্ত হতে পারে।

'ইচ্ছাধীন' (discretionary) ডিসেবলড ফেসিলিটিস গ্রান্ট (Disabled facilities grants) দেওয়া হয় এই জন্য যাতে বিকলাঙ্গ ব্যক্তির বাসস্থান বসবাস করার এবং কাজ করার জন্য আরও উপযুক্ত করা যায়। এই গ্রান্ট 'কর্তৃত্বব্যঞ্জক গ্রান্টের' (mandeatory grant) ঘাটতি পুরণ করবার জন্যো দেওয়া হতে পারে। বিভিন্ন স্থানীয় কাউন্সিলের, কাকে

গ্রাণ্ট দেওয়ার জন্য অগ্রাধিকার দেওয়া হবে, তা ঠিক করার ভিন্ন ভিন্ন নীতি আছে। আপনার স্থানীয় হাউজিং দফতর আপনাকে এই ব্যাপারে আরও বেশী খবর দিতে পারবে।

**আপনি কত টাকা পাবেন সেটা স্থানীয় কাউন্সিল কি ভাবে ঠিক করে?**

আপনি কত টাকা পাবেন তা ঠিক করার জন্য কাউন্সিল বিকলাঙ্গ ব্যক্তি এবং তার স্বামী/স্ত্রী/অংশীদারের (যদি থেকে থাকে) রোজগার এবং সঞ্চয়ের পরিমান কত তা দেখে। এটাকে বলা হয় আর্থিক সঙ্গতির পরীক্ষা(means testing)। বিকলাঙ্গ ব্যক্তির বয়স যদি ১৮ বৎসরের কম হয় তাহলে তার পিতামাতার আর্থিক সঙ্গতির পরীক্ষা (means testing) করা হয়।

**স্থানীয় কাউন্সিল যদি আপনাকে গ্রাণ্ট দেয় তাহলে কি শর্তে তা দেওয়া হবে?**

গ্রাণ্ট না পাওয়া পর্য্যন্ত বাড়ীতে কাজ কিছুতেই আরম্ভ করানো যাবে না। যদি ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্টের (Disabled facilities grants) জন্য আবেদন অনুমোদিত হয় কিন্তু কাজ শেষ হওয়ার আগেই পরিস্থিতির পরিবর্তন হয় (যেমন: বিকলাঙ্গ ব্যক্তি অন্য কোন বাড়ীতে বসবাস করতে আরম্ভ করেন, মারা যান অথবা বাড়ীর কাজ অদরকারী বা অনুপযুক্ত হয়ে পড়ে) তাহলে কাউন্সিল গ্রাণ্ট দিয়ে যাবে কি না এ ব্যপারে পুনর্বিবেচনা করে দেখবে।

**ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্টের (Disabled facilities grants) জন্য কি ভাবে আবেদন করবেন?**

হয় আপনি আপনার স্থানীয় কাউন্সিলের হাইজিং ডিপার্টমেন্ট আর না হয় এনভায়রনমেন্টাল হেল্থ (environmental health) ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করে তাদের ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্টের (Disabled facilities grants) আবেদন পত্র পাঠাতে বলুন। একই সময়ে আপনি আপনার স্থানীয় সোসাল সার্ভিসের সঙ্গে যোগাযোগ করে একজন অকুপেশনেল থেরাপিস্টকে (occupational therapist) অবস্থার মূল্যায়নের জন্য অনুরোধ করুন। অনেক সময়ই অকুপেশনেল থেরাপিস্ট দফতরের অপেক্ষার তালিকা(waiting list) থাকে। স্বতরাং এই অনুরোধ যত তাড়াতাড়ি সম্ভব করুন। যতক্ষন পর্য্যন্ত না অকুপেশনেল থেরাপিস্টক (occupational therapist) অবস্থার মূল্যায়ন করে বিকলাঙ্গ ব্যক্তির জন্য কাজ করানো দরকার বলে স্বপারিশ করেন ততক্ষন ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্ট (Disabled facilities grants) দেওয়া হয় না।

যখন এই আবেদনপত্র পুরণ করবেন, তখন আপনার/আপনাদের বাড়ী সম্বন্ধে সব রকম তথ্য এবং বাড়ীতে কি কি কাজ করাতে চান, সব জানাতে হবে। বাড়ী যদি আপনার/আপনাদের নিজের হয় তাহলে আপনাকে এই বলে একটা সার্টিফিকেট পুরণ করতে হবে যে বিকলাঙ্গ ব্যক্তির, যদি তার স্বাস্থ্য ঠিক থাকে, তাহলে এই বাড়ীতে তার পরবর্তী পাঁচ বৎসর বাস করার ইচ্ছা রয়েছে। আপনি/আপনারা যদি ভাড়াটে হন তাহলে আপনাকে এবং আপনার বাড়ীওয়ালাকে এই একি সার্টিফিকেট পুরণ করতে হবে। আবেদন পত্রের সঙ্গেই এই সার্টিফিকেট আপনাকে দেওয়া হবে।

কি ভাবে আবেদন করবেন এই বিষয়ে কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আপনাকে/আপনাদেরকে সাহায্য করতে পারে এবং উপদেশ দিতে পারে এবং যে কাজ করানো হবে তা আপনার হয়ে তত্ত্বাবধান করতে পারে। আপনার এলাকায় কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আছে কি না তা জানার জন্য নীচের ঠিকানায় যোগাযোগ করুন:

| | |
|---|---|
| ফাউন্ডেশনস | Foundations |
| ব্লিকলো হাউস | Bleaklow House |
| হাউউড টাউন রোড | Howood Town Road |
| গ্লসপ | Glossop |
| এসকে১৩ ৮এইচটি | SK13 8HT |
| টেলিফোন: ০১৪৫৭ ৮৯১ ৯০৯ | Tel: 01457 891909 |

**কি ভাবে নালিশ করবেন**

আপনি/আপনারা যদি গ্রান্টের জন্য আবেদন করে থাকেন এবং যে ভাবে আপনার/আপনাদের সঙ্গে ব্যবহার করা হয়েছে অথবা আপনার/আপনাদের আবেদনের যে বিচার (decision) করা হয়েছে সেই ব্যাপারে সন্তুস্ট নন তাহলে এর জন্য নালিশ করতে পারেন।

## বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতা(Home repair assistance) পেতে পারেন ?

বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতা (Home repair assistance) হচ্ছে একটি ইচ্ছাধীন (discretionary) গ্রান্ট, সেটা হয়ত অত্যাবশ্যক বাড়ীতে ছোটখাট মেরামতি, উন্নতকরন অথবা উপযুক্ত করার জন্য পাওয়া যেতে পারে। আপনার স্থানীয় কাউন্সিল টাকা বা জিনিষপত্র দিয়ে সাহায্য করতে পারে। আপনি দেখবেন যে এই গ্রান্ট দেওয়ার ব্যাপারে বিভিন্ন কাউন্সিলের বিভিন্ন রকমের প্রাধান্য রয়েছে।

**কে কে বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতা (Home repair assistance)**

বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতা (Home repair assistance) পেতে গেলে একজনকে অবশ্যই:

- ১৮ বৎসরের বেশী বয়স হতে হবে
- যে বাড়ী সারানো হবে সে বাড়ীতে বাস করতে হবে (এবং সেটা হতে হবে আপনার একমাত্র বাড়ী বা প্রধান বাড়ী), অথবা অন্য একজন ব্যক্তির হয়ে আবেদন করছেন যার বয়স ৬০ বৎসরের উপর অথবা বিকলাঙ্গ বা রুগ্ন।
- যে বাড়ী সারানো হবে সেটা আপনার নিজের বাড়ী এবং সেখানে বাস করেন, এবং সেই ভাড়া বাড়ীতে কেবলমাত্র আপনারই থাকবার অধিকার আছে (exclusive occupation) অন্তত পাঁচ বৎসরের জন্য।(তার মানে হল যে আপনার বাড়ীওয়ালা আপনার সঙ্গে এক বাড়ীতে বাস করেন না এবং আপনার বাড়ীভাড়ার সর্ত চুক্তি স্বল্পমেয়াদি নয়)
- আইনতঃ আপনার বাড়ীতে কাজ করানোর অধিকার অথবা কর্তব্য রয়েছে।
- অন্তত নিম্নলিখিত যে কোন একটা বেনিফিট পাচ্ছেন।
    - ইনকাম সাপোর্ট
    - কাউন্সিল ট্যাক্স বেনিফিট

- ওয়ার্কিং ফ্যামিলিস ট্যাক্স ক্রেডিট
- হাউজিং বেনিফিট

- ডিজেবলড পারসনস ট্যাক্স ক্রেডিট

উপরের সব শর্তগুলি যদি আপনার পক্ষে প্রযোজ্য নাও হয়, আপনি তাহলেও বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতার (Home repair assistance) জন্য আবেদন করতে পারবেন, যদি আপনার বয়স ৬০ বৎসরের উপর হয় অথবা আপনি বিকলাঙ্গ বা রুগ্ন।, অথবা আপনি এমন কোন ব্যক্তির যত্ন নিয়ে থাকেন যার বয়স ৬০ বৎসরের উপর অথবা বিকলাঙ্গ বা রুগ্ন এবং সেই বাড়ীতে বাস করেন।

বাড়ী যদি আপনার নিজের না হয়, অথবা আপনি ভাড়াটে নন কিন্তু বাড়ীতে কেবলমাত্র আপনারই থাকবার অধিকার আছে (exclusive occupation), বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতার (Home repair assistance) জন্য আবেদন করার আগে আপনি অন্তত তিন বৎসর সেখানে বাস করছেন, যদি না:

- বাড়ীতে আগুন প্রতিরোধ করানোর জন্য কাজ করানো হবে।
- বাড়ীর কাজ করাতে হবে একজন যার বয়স ৬০ বৎসরের উপর অথবা বিকলাঙ্গ বা রুগ্ন তার যত্ন নেওয়ার জন্য।
- যে এলাকা পুনরুদ্ধার (renovation) করা হচ্ছে আপনার বাড়ী যদি সেই এলাকায় হয়।

আপনার বাড়ী সচল বাড়ী (mobile home) অথবা নৌকার বাড়ী (houseboat) হলেও আপনি হয়ত বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতার (Home repair assistance) পেতে পারেন।

**বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতার (Home repair assistance) জন্য আপনি কি পেতে পারেন?**

বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতা (Home repair assistance) দেওয়া হয় বাড়ী সারানো, উন্নতি অথবা উপযুক্ত করার জন্য। কত দেওয়া হতে পারে তার জন্য কোন সীমা বেধে দেওয়া হয় নি। তবে বাড়ীর সৌন্দর্য বাড়ানোর, (যেমন বাড়ীতে রং করা ইত্যাদি) জন্য এই গ্রান্ট দেওয়া হয় না।

**আপনি গ্রান্ট পাবেন কি না এবং পেলে কত টাকা পাবেন, সেটা স্থানীয় কাউন্সিল কি ভাবে স্থির করে?**

কে কে এই গ্রান্ট পেতে পারে সে ব্যাপারে বিভিন্ন কাউন্সিলের বিভিন্ন রকমের প্রাধান্য রয়েছে, তবে প্রত্যেক কাউন্সিলেরই এই প্রাধান্যগুলি প্রকাশ করা উচিত। আরও খবরের জন্য আপনার স্থানীয় কাউন্সিলের হাইজিং ডিপার্টমেন্ট আর না হয় এনভায়রনমেন্টাল হেল্থ (environmental health) ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করুন।

আপনি হয়ত সর্বাধিক পরিমানের গ্রান্ট ২,০০০ পাউন্ড প্রত্যেক বারে পেতে পারেন এবং তিন বৎসরের মধ্যে সর্বমোট ৪,০০০ পাউন্ড পেতে পারেন।

**বাড়ী সারানোর ব্যাপারে সহযোগিতার (Home repair assistance) জন্য কি ভাবে আবেদন করবেন?**

হয় আপনার স্থানীয় কাউন্সিলের হাইজিং ডিপার্টমেন্ট আর না হয় এনভায়রনমেন্টাল হেল্থ (environmental health) ডিপার্টমেন্টের সঙ্গে আবেদন পত্রের জন্য যোগাযোগ করুন।

এই ফর্মটা পুরন করার সময় আপনাকে বাড়ী সম্বন্ধে এবং বাড়ীতে কি কি কাজ করাতে চাইছেন সেই সকল খবর দিতে হবে।

কি ভাবে আবেদন করবেন এই বিষয়ে কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আপনাকে/ আপনাদেরকে সাহায্য করতে পারে এবং উপদেশ দিতে পারে এবং যে কাজ করানো হবে তা আপনার হয়ে তত্ত্বাবধান করতে পারে। আপনার এলাকায় কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আছে কি না তা জানার জন্য নীচের ঠিকানায় যোগাযোগ করুন:

| | |
|---|---|
| ফাউন্ডেশনস | Foundations |
| ব্লিকলো হাউস | Bleaklow House |
| হাউউড টাউন রোড | Howood Town Road |
| গ্লসপ | Glossop |
| এসকে১৩ ৮এইচ ট | SK13 8HT |
| টেলিফোন: ০১৪৫৭ ৮৯১ ৯০৯ | Tel: 01457 891909 |

কি ভাবে আবেদন করবেন এই বিষয়ে কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আপনাকে/ আপনাদেরকে সাহায্য করতে পারে এবং উপদেশ দিতে পারে এবং যে কাজ করানো হবে তা আপনার হয়ে তত্ত্বাবোধন করতে পারে। আপনার এলাকায় কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আছে কি না তা জানার জন্য নীচের ঠিকানায় যোগাযোগ করুন:

## আপনি যদি নর্দান আয়ারল্যান্ডে বাস করেন তাহলে কি ভাবে গ্রান্টের জন্য আবেদন করবেন

আপনি যদি বাড়ী সারানো, উন্নতি অথবা উপযুক্ত করাবার জন্য যদি আপনার সাহায্যের দরকার হয় তাহলে নর্দান আয়ারল্যান্ডে তিন রকমের গ্রান্ট পাওয়া যায়:

- রেনোভেশন গ্রান্টগুলি - নিকৃষ্ট মানের বাড়ীরগুলির অবস্থার উন্নতির জন্য
- ডিসেবল ফেসিলিটিস গ্রান্টগুলি - এই গ্রান্ট দেওয়া হয় বিকলাঙ্গ ব্যক্তিকে যাতে তারা তাদের প্রয়োজন মত বাড়ীকে উপযুক্ত করতে পারেন।
- মাইনর ওয়ার্কস এসিসটেন্স - বাড়ীর ছোটখাট মেরামত, উন্নতি এবং উপযুক্ত করনের জন্য

আপনার যদি এই গ্রান্টগুলি পাবার যোগ্যতা না থাকে অথবা এই টাকায় সব কাজ না করানো যায়, তাহলে বাড়ীর মেরামত এবং উন্নতিকরনের জন্য অন্যভাবে হয়ত টাকা তোলার ব্যবস্থা করা যেতে পারে।

## রেনোভেশন গ্রাণ্টগুলি

হাউজিং একজিকিউটিভ নিকৃষ্ট মানের বাড়ীরগুলির অবস্থার উন্নতির জন্য এই গ্রাণ্ট দিয়ে থাকেন। প্রয়োজন অনুসারে বিভিন্ন রকম কাজের জন্য এই গ্রাণ্ট দেওয়া হয়ে থাকে - এর মধ্যে আছে ডেম্প সারানোর ব্যবস্থা করা, নুতন ছাদ লাগানো, চিমনি, পয়োনালীগুলি(gutters) এবং প্লাস্টার বদলানো।

**কে রেনোভেশন গ্রাণ্ট পেতে পারেন?**

আপনি যদি নিজে বা অন্য কারো সঙ্গে একটা বাড়ী বা ফ্ল্যাট কিনতে চান, তাহলে আপনি এই গ্রাণ্টের জন্য আবেদন করতে পারেন। এ ছাড়াও আপনি যদি ভাড়া বাড়ীতে থাকেন এবং আপনার উপর বাড়ী সারানোর দায়িত্ব থাকে তাহলেও আপনি এই গ্রাণ্টের জন্য আবেদন করতে পারেন।

রেনোভেশন গ্রাণ্ট হয়ত দেওয়া হবে যদি বাড়ী:

- অন্তত দশ বছরের পুরানো হয়
- এমন কোন এলাকার হয় যেখানে কোন উন্নতিকর (redevelopment) কাজ করা হচ্ছে না অথবা পরিস্কার করা হচ্ছে না, বা আগামি ১২ মাসের মধ্যে তা করার পরিকল্পনা নেই
- গ্রুপ রিপেয়ার পরিকল্পনার (group repair scheme) অন্তর্ভুক্ত নয় এবং বা আগামি ১২ মাসের মধ্যে অন্তর্ভুক্ত হবে না।

**কিসের জন্য আপনি রেনোভেশন গ্রাণ্ট পেতে পারেন?**

কিছু কিছু ক্ষেত্রে হাউজিং একজিকিউটিভ টাকা দিতে বাধ্য {এটাকে বলা হয় 'কর্তৃত্বব্যঞ্জক গ্রাণ্ট' (mandeatory grant)} এবং অন্যান্য ক্ষেত্রে তারা ঠিক করতে পারেন যে টাকা দেওয়া হবে কি না {এটাকে বলা হয় 'ইচ্ছাধীন' গ্রাণ্ট (discretionary grant)}।

যদি চীফ একজিকিউটিভ মনে করেন বাড়ীটা 'মানুষের বসবাসের পক্ষে অযোগ্য' এবং বাড়ীতে গুরুতর সমস্যা (যেমন - বাড়ীর ভিতর কোন টয়লেট নেই) রয়েছে তাহলে 'কর্তৃত্বব্যঞ্জক গ্রাণ্ট' (mandeatory grant) দেওয়া হতে পারে।

যদি চীফ একজিকিউটিভ মনে করেন বাড়ীটা 'মানুষের বসবাসের পক্ষে যোগ্য' কিন্তু মেরামতি এবং উন্নতি কাজ অত জরুরী নয় এবং এই কাজ করানোর প্রয়োজন বাড়ীর মানকে উন্নত করার জন্য। যেমন- একটা বাড়ীকে ভাগ করে কয়েকটি বাসস্থানে পরিনত করা, তাহলে হয়ত 'ইচ্ছাধীন' গ্রাণ্ট (discretionary grant)}দেওয়া হতে পারে।

**আপনি কত টাকা পাবেন তা হাউজিং চীফ একজিকিউটিভ কি ভাবে তা স্থির করেন?**

চীফ একজিকিউটিভ, বাড়ীর মালিক/ভাড়াটে যিনি বাড়ীতে বাস করেন, তার রোজগার মূল্যায়ন করে এবং যে কোন কাজ করানোর জন্য কত টাকা দিতে হবে সেটা দেখে কত টাকা দেওয়া হবে তা ঠিক করেন। - এই পদ্ধতিকে বলা হয় বলা হয় আর্থিক সঙ্গতির পরীক্ষা(means testing)। চীফ একজিকিউটিভ, অনুমোদিত কাজের জন্য কত টাকা লাগবে এবং আপনি নিজে সেই কাজের জন্য কত টাকা নিজে দিতে পারবেন দেখে, যে পরিমান টাকা ঘাটতি পড়বে সেই টাকা অনুমোদন করবেন।

**আবেদন পত্রের উপর সিদ্ধান্ত নিতে কতদিন সময় লাগে?**

আপনার আবেদন সফল হয়েছে কি না, চীফ একজিকিউটিভ ছয় মাসের মধ্যে সে সিদ্ধান্ত আপনাকে জানাবেন।

**গ্রাণ্ট কখন প্রদান করা হবে?**

সাধারনত বাড়ীর কাজ শেষ হওয়ার পর গ্রাণ্টের টাকা দেওয়া হয় - চীফ একজিকিউটিভের , গ্রাণ্টের টাকা দেওয়ার আগে, যে কন্ট্রাকটার যে বাড়ীতে কাজ করেছে তার কাছ থেকে রসিদের প্রয়োজন। তবে আপনি পুরো টাকাটা চারটে কিস্তিতে দেবার জন্য আবেদন করতে পারেন - গ্রাণ্ট ম্যানেজার তখন ঠিক করেন যে টাকাটা কিস্তিতে দেওয়া হবে কি না।

**আপনি যদি গ্রাণ্ট পান তাহলে হাউজিং একজিকিউটিভ (housing executive) কি কি শর্তে গ্রাণ্ট দেবেন?**

**যিনিই রেনোভেশন গ্রাণ্ট পান না কেন তাকে অবশ্যই:**

- রেজিস্টারড ওয়ারেন্টেড বিল্ডার স্কীমের (Registered Warranted Builders Scheme) সদস্য এমন একজন কন্ট্রাকটারকে ব্যবহার করতে হবে।
- একমাত্র বা প্রধান বাড়ী হিসাবে, সে বাড়ীতে একবছর বাস করবার জন্য রাজী হতে হবে, অথবা এটা যদি ভাড়াটে বাড়ী হয় তবে বাড়ীওয়ালাকে, বাড়ী পাঁচ বৎসরের জন্য ভাড়া দেওয়ার জন্য পাওয়া যাবে, বলে রাজী হতে হবে।

চীফ (Grants scheme)

- গ্রাণ্ট অনুমোদন করার আগে বাড়ীতে কাজ আরম্ভ করানো যাবে না।

**রেনোভেশন গ্রাণ্টের জন্য কি ভাবে আবেদন করতে হবে?**

আপনার স্থানীয় গ্রাণ্ট অফিসে একটি প্রারম্ভিক অনুসন্ধান পত্র (Preliminary Enquiry form) চান এবং এই ফর্মটা পুরন করে গ্রাণ্ট অফিসে ফেরত দিন।

**গ্রাণ্ট স্কীমের (Grants scheme) ব্যাপারে কোথায় আপনি উপদেশ পেতে পারেন?**

আপনার যদি গ্রাণ্ট স্কীমের (Grants scheme) ব্যাপারে উপদেশের প্রয়োজন হয় তাহলে আপনার স্থানীয় গ্রাণ্ট অফিসের সঙ্গে যোগাযোগ করুন - তারা খুশীমনে আপনার প্রশ্নেগুলির উত্তর দেবে এবং অন্যান্য সাহায্য কারী সংস্থাগুলি

যারা, যে সকল ব্যক্তিদের বিশেষ প্রয়োজন আছে, অথবা বয়স্ক আবেদনকারী যিনি হয়ত সলিসিটার, কন্ট্রাকটার, আর্কিটেক্ট ইত্যাদির সঙ্গে লেনদেন করতে অসুবিধা বোধ করেন এমন ব্যক্তিদের সাহায্য করতে পারবে, তাদের সম্বন্ধে তথ্য দেবে।

**কি ভাবে অভিযোগ করবেন**

আপনি/আপনারা যদি গ্রাণ্টের জন্য আবেদন করে থাকেন এবং যে ভাবে আপনার/আপনাদের সঙ্গে ব্যবহার করা হয়েছে অথবা আপনার/আপনাদের আবেদনের যে বিচার (decision) করা হয়েছে সেই ব্যপারে সন্তুস্ট নন তাহলে এর জন্য নালিশ করতে পারেন।

## ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্টগুলি (Disabled facilities grants)

ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্ট (Disabled facilities grants) দেওয়া হয় তাদের যারা বিকলাঙ্গ ব্যক্তিদের বাড়ীকে তাদের প্রয়োজনমত আরও উপযুক্ত করে নিতে পারেন। যে কাজ করানোর কথা হচ্ছে, সেই কাজ স্থানীয় অকুপেশনেল থেরাপিস্টের অনুমোদিত হতে হবে।

কি করে ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্টগুলির (Disabled facilities grants) জন্য আবেদন করবেন সে সম্বন্ধে আরও তথ্যের জন্য নীচের তালিকায় ক্লিক করুন:

**কে কে ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্টগুলি (Disabled facilities grants) পেতে পারেন?**

আপনি যদি বাড়ীর মালিক হন এবং সেই বাড়ীতে বাস করেন, বা যদি বাড়ীওয়ালা হন অথবা ভাড়াটে হন {হাউজিং একজিকিউটিভ (housing executive)} ভড়াটেরা এর অন্তর্ভুক্ত নয়) এবং আপনি বিকলাঙ্গ অথবা কোন বিকলাঙ্গ ব্যক্তি আপনার সঙ্গে বাস করেন, তাহলে আপনি ডিসেবলড ফেসিলিটিস গ্রাণ্টগুলির (Disabled facilities grants) জন্য আবেদন করতে পারেন।

বাড়ীর কাজ বিকলাঙ্গ ব্যক্তির প্রয়োজনের পক্ষে অত্যাবশ্যক এবং উপযুক্ত হাউজিং একজিকিউটিভের (housing executive) এই ব্যপারে সন্তুষ্ট হওয়া দরকার। বাড়ী কত দিনের পুরানো এবং তার অবস্থা কি রকম সেটাও বিবেচনা করা হবে।

**ডিসেবলিটি ফেসিলিটিস গ্রাণ্টগুলি (Disabled facilities grants) কিসের জন্য পাওয়া যেতে পারে?**

কিছু কিছু ক্ষেত্রে কাউন্সিলকে টাকা দিতেই হবে। এটাকে বলা হয় 'কর্তৃত্বব্যঞ্জক গ্রাণ্ট' (mandeatory grant)

এবং অন্যান্য ক্ষেত্রে তারা বিচার করে দেখে যে তারা টাকা দেবে কি না। এটাকে বলা হয় 'ইচ্ছাধীন গ্রাণ্ট' (discretionary grant)। স্থানীয় অকুপেশনেল থেরাপিস্ট যে কাজগুলির জন্য স্বপারিশ করেছেন, 'কর্তৃত্বব্যঞ্জক গ্রাণ্ট' (mandeatory grant) দেওয়া হবে সেই সব কাজের জন্য। এই কাজগুলির মধ্যে হল:

- বাথরুম, বসবার ঘর এবং শোবার ঘরের যাতায়াত সহজ করার জন্য।
- বাথরুমে স্বযোগ স্ববিধার ব্যাবস্থা করার জন্য
- খাবার তৈরী করা এবং রান্না করার ব্যবস্থা সহজ করার জন্য (যেমন রান্নাঘরকে বড় করা অথবা রান্নাঘরের কাবার্ড, কুকার ইত্যাদি নীচু করে লাগানো)
- আলো এবং হিটিং এর কন্ট্রোলকে উপযুক্ত করা
- হিটিংয়ের ব্যাবস্থার উন্নতি করা

যে সকল কাজের জন্য 'কর্তৃত্বব্যঞ্জক গ্রাণ্ট' (mandeatory grant) থেকে টাকা পাওয়া যায় না, সেগুলির জন্য হয়ত 'ইচ্ছাধীন গ্রাণ্ট' (discretionary grant) ব্যাবহার করা যেতে পারে।

**আপনি কত টাকা পাবেন সেটা হাউজিং একজিকিউটিভ (housing executive) কিভাবে ঠিক করেন?**

হাউজিং একজিকিউটিভ (housing executive) বিকলাঙ্গ ব্যক্তি এবং তার স্বামী/স্ত্রী/অংশীদারের (যদি থেকে থাকে) রোজগার এবং সঞ্চয়ের পরিমান কত তা মূল্যায়ন করে কত টাকা দেবেন সেটা ঠিক করবেন। এটাকে বলা হয় আর্থিক সঙ্গতির পরীক্ষা(means testing)। হাউজিং একজিকিউটিভ, অনুমোদিত কাজের জন্য কত টাকা লাগবে এবং বিকলাঙ্গ বক্তি সেই কাজের জন্য কত টাকা নিজে দিতে পারবেন দেখে, যে পরিমান টাকা ঘাটতি পড়বে সেই টাকা অনুমোদন করবেন।

**ডিসেবলিটি ফেসিলিটিস গ্রাণ্টগুলি (Disabled facilities grants) জন্য কি ভাবে আবেদন করতে হয়?**

আপনার স্থানীয় গ্রাণ্ট অফিসে একটি প্রারম্ভিক অনুসন্ধান পত্র (Preliminary Enquiry form) চান এবং এই ফর্মটা পুরন করে গ্রাণ্ট অফিসে ফেরত দিন।

**গ্রাণ্ট স্কীমের (Grants scheme) ব্যাপারে কোথায় আপনি উপদেশ পেতে পারেন?**

আপনার যদি গ্রাণ্ট স্কীমের (Grants scheme) ব্যাপারে উপদেশের প্রয়োজন হয় তাহলে আপনার স্থানীয় গ্রাণ্ট অফিসের সঙ্গে যোগাযোগ করুন - তারা খুশীমনে আপনার প্রশ্নেগুলির উত্তর দেবে এবং অন্যান্য সাহায্য কারী সংস্থাগুলি যারা, যে সকল ব্যক্তিদের বিশেষ প্রয়োজন আছে, অথবা বয়স্ক আবেদনকারী যিনি হয়ত সলিসিটার, কন্ট্রাকটার, আর্কিটেক্ট ইত্যাদির সঙ্গে লেনদেন করতে অস্ববিধা বোধ করেন এমন ব্যক্তিদের সাহায্য করতে পারবে, তাদের সম্বন্ধে তথ্য দেবে।

## কি ভাবে অভিযোগ করবেন

আপনি/আপনারা যদি গ্রান্টের জন্য আবেদন করে থাকেন এবং যে ভাবে আপনার/আপনাদের সঙ্গে ব্যবহার করা হয়েছে অথবা আপনার/আপনাদের আবেদনের যে বিচার (decision) করা হয়েছে সেই ব্যপারে সন্তুস্ট নন তাহলে এর জন্য নালিশ করতে পারেন।

## মাইনর ওয়ার্ক এসিসটেন্স (Minor works assistance)

বিকলাঙ্গ ব্যাক্তি যাতে আরামে থাকতে পারেন সেজন্য বাড়ীতে ছোটখাটো মেরামতি, উন্নতি এবং উপযুক্ত করার জন্য হাউজিং একজিকিউটিভ (housing executive) মাইনর ওয়ার্ক এসিসটেন্সের (Minor works assistance) টাকা দিয়ে থাকেন।

**কোন কোন ব্যক্তি মাইনর ওয়ার্ক এসিসটেন্স (Minor works assistance) পেতে পারেন?**

আপনি যদি আপনার নিজের বাড়ীতে থাকেন অথবা বাড়ী ভাড়া করে থাকেন {হাউজিং একজিকিউটিভ (housing executive) ভাড়াটে ছাড়া} এবং নিম্নলিখিত বেনিফিটগুলির অন্তত একটা পেয়ে থাকেন, তাহলে আপনি আবেদন করতে পারেন:

- ইনকাম সাপোর্ট
- ওয়ার্কিং ফ্যামিলিস ট্যাক্স ক্রেডিট
- হাউজিং বেনিফিট
- ডিসেবলড পারসন্স ট্যাক্স ক্রেডিট

**কিসের জন্য মাইনর ওয়ার্ক এসিসটেন্স (Minor works assistance) পেতে পারেন?**

পাঁচ ধরনের সাহায্য দেওয়া হতে পারে। সেগুলি হল:

**'যেমন আছে তেমন থাকা' (Staying put)** বাড়ীর মালিকরা এবং ভাড়াটেরা, যাদের বয়স ৬০ বৎসরের উপর তারা এই সাহায্য পেতে পারেন যদি নিম্নলিখিত কোন একটা বেনিফিট পেয়ে থাকেন:

- ইনকাম সাপোর্ট
- ওয়ার্কিং ফ্যামিলিস ট্যাক্স ক্রেডিট
- হাউজিং বেনিফিট
- ডিসেবলড পারসন্স ট্যাক্স ক্রেডিট

জানালা, দরজা, পয়োনালী (gutters) এবং চিমনি প্রভৃতিতে সারানোর কাজ করানোর জন্য এবং ছোটখাটো উপযুক্ত করন যেমন হাত দিতে ধরবার জন্য রেইল, র‍্যাম্প, বাড়তি বাথ, টয়লেট অথবা হাত মুখ ধোওয়ার জন্য বেসিন ইত্যাদি লাগানোর জন্য এই সাহায্য দেওয়া হতে পারে। বাড়ীর অবস্থা মোটামুটি ভাল হতে হবে।

**'বয়স্ক বসবাসকারীর উপযুক্তকরন' (Elderly resident adaptation)** একজন বয়স্ক আত্মীয় বা বন্ধু যদি বরাবরের জন্য বাড়ীতে বাস করেন তাহলে ছোটখাটো অদল বদলের জন্য এই সাহায্য পাওয়া যেতে পারে। য আবেদনকারীকে এই সাহায্য পেতে হলে নিম্নলিখিত কোন একটা বেনিফিট পেতে হবে:

- ইনকাম সাপোর্ট
- ওয়ার্কিং ফ্যামিলিস ট্যাক্স ক্রেডিট
- হাউজিং বেনিফিট
- ডিসেবলড পারসন্স ট্যাক্স ক্রেডিট

হাত দিতে ধরবার জন্য রেইল, র‍্যাম্প, হাত মুখ ধোওয়ার জন্য বেসিন অথবা শাওয়ার লাগানোর জন্য এই সাহায্য পাওয়া যেতে পারে।

**'তালি লাগানো এবং সারানো' (Patch and mend)** যাদের বাড়ী কোন উন্নতিকর (redevelopment) অথবা পরিস্কার করা হচ্ছে এমন এলাকায় মধ্যে পড়েছে অথবা কিছুদিনের মধ্যেই পড়বে তারা এই সাহায্য পেতে পারেন। এই সাহায্য দেওয়া হয় যাতে বসবাসকারী অন্য বাড়ীতে না যাওয়া পর্য্যন্ত বাড়ীটাকে যতটা সম্ভব আরামদায়ক করবার জন্য। আবেদনকারীকে এই সাহায্য পেতে হলে নিম্নলিখিত কোন একটা বেনিফিট পেতে হবে:

- ইনকাম সাপোর্ট
- ওয়ার্কিং ফ্যামিলিস ট্যাক্স ক্রেডিট
- হাউজিং বেনিফিট
- ডিসেবলড পারসন্স ট্যাক্স ক্রেডিট

**'বিকলাঙ্গ উন্নতিকরন গ্রাণ্ট' (Disabled adaptation grant)** যে সমস্ত ব্যক্তিরা নিম্নলিখিত কোন একটা বেনিফিট পাচ্ছেন তারা এই সাহায্যের জন্য আবেদন করতে পারেন:

- ইনকাম সাপোর্ট
- ওয়ার্কিং ফ্যামিলিস ট্যাক্স ক্রেডিট
- হাউজিং বেনিফিট
- ডিসেবলড পারসন্স ট্যাক্স ক্রেডিট

বাড়ীতে কোন কাজ অকুপেশনাল থেরাপিস্টের সুপারিশ ছাড়া করানো যাবে না- আপনি যদি মনে করেন যে আপনার এই গ্রাণ্ট পাওয়া উচিত, তাহলে হাউজিং একজিকিউটিভ (housing executive) আপনার হয়ে অকুপেশনাল থেরাপিস্টের সঙ্গে যোগাযোগ করতে পারেন। যে যে কাজের জন্য এই সাহায্য দেওয়া হয় তার অন্তর্ভুক্ত হল বাড়ীর ভিতর চলাফেরার উন্নতি সাধন, রান্নার যোগাড় করা এবং রান্নার ব্যবস্থা সহজ করা, আলো এবং হিটিং এর ব্যবস্থার উন্নতি করা, যেমন-বিকলাঙ্গ ব্যক্তির যদি দৃষ্টিশক্তি কম হয় অথবা গরম বাড়ীতে থাকার দরকার হয়।

'সীসার পাইপগুলি' (lead pipes) যে ব্যক্তিরা আয়-সম্পর্কিত বেনিফিট পান (যেমন, ইনকাম সাপোর্ট, ওয়ার্কিং ফ্যামিলিস ট্যাক্স ক্রেডিট ইত্যাদি) এবং তাদের জলের পাইপগুলি, যেগুলি প্রধান (mains) পাইপ থেকে এসেছে সেগুলি সীসার তারা সেই পাইপগুলি বদলাবার জন্য গ্রাণ্ট পেতে পারেন।

**আপনি কত টাকা পাবেন সেটা হাউজিং একজিকিউটিভ (housing executive) কিভাবে ঠিক করেন?**

যে কোন সময়ে একবারে আপনি সর্ব্বাধিক ১,০৮০ পাউন্ড পেতে পারেন। তিন বৎসরের ভিতর সর্ব্বাধিক ৩,২৪০ পাউন্ড দেওয়া হতে পারে।

**আবেদন পত্রের উপর সিদ্ধান্ত নিতে কতদিন সময় লাগে?**

একজিকিউটিভ (executive) আশা করেন যে আবেদনের তিন মাসের ভিতরেই তিনি আপনাকে কাজ আরম্ভ করার অনুমতি দিতে পারেন।

**মাইনর ওয়ার্ক এসিসটেন্স (Minor works assistance) জন্য কি ভাবে আবেদন করতে হয়?**

আপনার স্থানীয় গ্রাণ্ট অফিসে একটি প্রারম্ভিক অনুসন্ধান পত্র (Preliminary Enquiry form) চান এবং এই ফর্মটা পুরন করে গ্রাণ্ট অফিসে ফেরত দিন।

**গ্রাণ্ট স্কীমের (Grants scheme) ব্যাপারে কোথায় আপনি উপদেশ পেতে পারেন?**

আপনার যদি গ্রাণ্ট স্কীমের (Grants scheme) ব্যাপারে উপদেশের প্রয়োজন হয় তাহলে আপনার স্থানীয় গ্রাণ্ট অফিসের সঙ্গে যোগাযোগ করুন - তারা খুশীমনে আপনার প্রশ্নেগুলির উত্তর দেবে এবং অন্যান্য সাহায্য কারী সংস্থাগুলি যারা, যে সকল ব্যক্তিদের বিশেষ প্রয়োজন আছে, অথবা বয়স্ক আবেদনকারী যিনি হয়ত সলিসিটার, কন্ট্রাকটার, আর্কিটেক্ট ইত্যাদির সঙ্গে লেনদেন করতে অসুবিধা বোধ করেন এমন ব্যক্তিদের সাহায্য করতে পারবে, তাদের সম্বন্ধে তথ্য দেবে।

কি ভাবে আবেদন করবেন এই বিষয়ে কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আপনাকে/আপনাদেরকে সাহায্য করতে পারে এবং উপদেশ দিতে পারে এবং যে কাজ করানো হবে তা আপনার হয়ে তত্ত্বাবোধন করতে পারে। আপনার এলাকায় কোন হোম ইমপ্রুভমেন্ট এজেন্সি (home imprvement agency) আছে কি না তা জানার জন্য নীচের ঠিকানায় যোগাযোগ করুন:

ফোল্ড হাউজিং এসোসিয়েশন Fold Housing Association

৩ রেডবার্ণ স্কোয়ার 3 Redburn Square

হলিউড Holywood

বিটি১৮ ৯এইচটি BT18 HT

টেলিফোন: ০২৮৯০ ৪২৮৩১৪ Tel: 02890 428314

**কি ভাবে নালিশ করবেন**

আপনি/আপনারা যদি গ্রাণ্টের জন্য আবেদন করে থাকেন এবং যে ভাবে আপনার/আপনাদের সঙ্গে ব্যবহার করা হয়েছে অথবা আপনার/আপনাদের আবেদনের যে বিচার (decision) করা হয়েছে সেই ব্যপারে সন্তুস্ট নন তাহলে এর জন্য নালিশ করতে পারেন।

**নীচে যোগাযোগের গ্রাণ্ট অফিসগুলির ঠিকানা দেওয়া হল**

বেলফাস্ট (Belfast)

৩২-৩৬ গ্রেট ভিক্টোরিয়া স্ট্রীট (32-36 Great Victoria Street)

বেলফাস্ট বিটি২ ৭বিএ (Belfast BT2 7BA)

টেলিফোন: ০২৮ ৯০৩১ ৭০০০ (Tel: 028 9031 7000)

লিসবার্ন (Lisburn)

৪-৬ গ্রাহাম গার্ডেন্স (4-6 Graham Gardens)

লিসবার্ন বিটি২৮ ১এক্সই (Lisburn BT28 1XE)

টেলিফোন: ০২৮ ৯২৬৬ ৫২২২ (Tel: 028 9266 5222)

নিউটাউনার্ডস (Newtownards)

স্ট্রেঙ্গফোর্ড হাউজ (Strangford House)

২৮ কোর্ট স্ট্রীট

নিউটাউনার্ডস বিটি২৩ ৭এনএক্স (Newtownards BT23 7NX)

টেলিফোন: ০২৮ ৯১৮২ ০৬০ (Tel: 028 9182 060)

ক্রেইগাভন (Craigavon)

মার্লবরো হাউস (Marlborough House)

সেন্ট্রাল ওয়ে (Central way)

ক্রেইগাভন বিটি৬৪ ১এজে (Craigavon BT64 1AJ)

টেলিফোন: ০২৮ ৩৮৩৪ ১১৮৮ (Tel: 028 3834 1188)

নিউরি (Newry)

৩৫-৪৫ বোট স্ট্রীট (35-45 Boat Street)

নিউরি বিটি৩৪ ২ডিবি (Newry BT34 2DB)

টেলিফোন: ০১৬৯৩ ৬৭৩৩১ (Tel: 01693 67331)

বালিমেনা (Ballymena)

টুইকেনহাম হাউস (Twickenham House)

মাউন্ট স্ট্রীট (Mount Street)

বালিমেনা বিটি৪৩ ৬বিপি (Ballymena BT43 6BP)

টেলিফোন: ০২৮ ২৫৬৫ ৩৩৯৯ (Tel: 028 2565 3399)

বালিক্লেয়ার (Ballyclare)

১৪১ মিল রোড (141 Mill Road)

বালিক্লেয়ার বিটি৩৯ ৯ডিজেড (Ballyclare BT39 9DZ)

টেলিফোন: ০১৯৬০৩ ৫২৮৪৯ (Tel: 019 603 52849)

ওমা (Omagh)

মেকএলিস্টার হাউস (McAllister House)

উডসাইড এভিনিয়্যু (woodside Avenue)

ওমা বিটি ৭৯ ৭বিপি (Omagh BT79 7BP

টেলিফোন: ০২৮ ৮২২৪ ৬১১১ (Tel: 028 8224 6111)

লন্ডনডেরী (Londonderry)

রিচমন্ড চেম্বারস (Richmond Chambers)

দি ডায়মন্ড (The Diamond)

লন্ডনডোরী বিটি৪৮ ৬কিউপি (Londonderry BT48 6QP)

টেলিফোন: ০২৮ ৭১৩৭ ২০০০ (Tel: 028 7137 2000)

ফারমানা (Fermanagh)

রিভারভিয়্যু হাউস (Riverview House)

হেড স্ট্রীট (Head Street)

এনিসকিলেন বিটি ৭৪ ৭ডিএ (Enniskillen BT74 7DA)

টেলিফোন: ০১৩৬৫ ৩২৫৭৭০ (Tel: 01365 325770)

## আপনি যদি স্কটল্যান্ডে বাস করেন তাহলে কি ভাবে গ্রাণ্টের জন্য আবেদন করবেন

আপনার বাড়ীতে যদি মেরামতি, উন্নতিকরন এবং উপযুক্তকরনের দরকার হয় তাহলে স্কটল্যান্ডে তিন রকমের গ্রাণ্ট পাওয়া যায়।

- ইমপ্রুভমেন্ট গ্রাণ্টস (Improvement grants) - বড় ধরনের উন্নতি বা উপযুক্তকরনের জন্য
- রিপেয়ারস গ্রাণ্টস (Repairs Grants) - ছোটোখাটো মেরামতির জন্য
- কেয়ার এন্ড রিপেয়ার গ্রাণ্টস (Care and Repair grants) - বয়স্ক এবং বিকলাঙ্গ ব্যক্তি যারা নিজেদের বাড়ীতে থাকেন, তারা যাতে নিজেদের বাড়ীতে থাকতে পারেন তার জন্য

আপনার যদি এই গ্রাণ্টগুলি পাবার যোগ্যতা না থাকে অথবা এই টাকায় সব কাজ না করানো যায়, তাহলে বাড়ীর মেরামত এবং উন্নতিকরনের জন্য অন্যভাবে হয়ত টাকা তোলার ব্যবস্থা করা যেতে পারে।

## ইমপ্রুভমেন্ট গ্রাণ্টস (Improvement grants)

বাড়ীতে কোন বড় ধরনের উন্নতি অথবা উপযুক্তকরনের কাজ করানোর জন্য ইমপ্রুভমেন্ট গ্রাণ্টস (Improvement grants) দেওয়া হয়। এই গ্রাণ্ট পরিচালনা করেন স্থানীয় কাউন্সিলের হাউজিং বিভাগ

**কোন ব্যক্তি ইমপ্রুভমেন্ট গ্রাণ্ট পেতে পারেন?**

আপনি যদি আপনার নিজের বাড়ীতে বাস করেন তাহলেই কেবলমাত্র আপনি ইমপ্রুভমেণ্ট গ্রাণ্ট (Improvement grants)পেতে পারেন। ভাড়াটেরা এই গ্রাণ্ট পেতে পারেন না।

**স্থানীয় কাউন্সিল কি ভাবে ঠিক করেন যে কে ইমপ্রুভমেন্ট গ্রাণ্টস (Improvement grants) পাবেন?**

গ্রাণ্ট কি ভাবে এবং কাকে কাকে দেওয়া হবে তার জন্য কোন জাতীয় মূল্যায়নের ব্যবস্থা নাই, যদিও কিছু কিছু কাউন্সিল, যাদের সবচাইতে বেশী প্রয়োজন তারা যাতে গ্রাণ্ট পান সেটা নিশ্চিত করার জন্য তাদের নিজস্ব স্থানীয় গ্রাণ্ট প্রদানের প্রণালী ঠিক করেছেন। আপনি দেখতে পাবেন যে বিভিন্ন কাউন্সিলের কাকে কাকে গ্রাণ্ট দেওয়া হবে তার জন্য বিভিন্ন প্রাধান্য আছে।

**আপনি কত টাকা পাবেন সেটা স্থানীয় কাউন্সিল কি ভাবে ঠিক করেন?**

সাধারনত গ্রান্টের সর্বচ্চো পরিমান হল ১২,৬০০ পাউন্ড, অবশ্য স্থানীয় কাউন্সিল যদি চান তাহলে স্কটিশ অফিসকে এই সীমা বাড়ানোর জন্য অনুরোধ করতে পারেন।

বেশীর ভাগ ক্ষেত্রেই, স্থানীয় কাউন্সিল বাড়ী পুনরায় নুতন (renovation) করার জন্য কাউন্সিল কেবলমাত্র ৭৫% গ্রাণ্ট দেবে। অবশ্য কোন কোন ক্ষেত্রে এই গ্রাণ্ট ৯০% পর্য্যন্ত দেওয়া হয় যদি কাউন্সিল মনে করে যে, যিনি বাড়ীর মালিক এবং বাড়ীতে বাস করেন, তাকে যদি বাকি টাকা দিতে হয় তাহলে তাকে আর্থিক কষ্টের মধ্যে পড়তে হবে।

## ইমপ্রুভমেন্ট গ্রাণ্টের (Improvement grants) জন্য কি ভাবে আবেদন করতে হবে?

কি ভাবে রেনোভেশন গ্রাণ্টের জন্য আবেদন করবেন সেই তথ্যের জন্য আপনার স্থানীয় কাউন্সিলের হাউজিং বিভাগের (প্রাইভেট সেকটর গ্রাণ্ট বিভাগ) সঙ্গে যোগাযোগ করুন।

## কি ভাবে অভিযোগ করবেন

আপনি/আপনারা যদি গ্রাণ্টের জন্য আবেদন করে থাকেন এবং যে ভাবে আপনার/আপনাদের সঙ্গে ব্যবহার করা হয়েছে অথবা আপনার/আপনাদের আবেদনের যে বিচার (decision) করা হয়েছে সেই ব্যপারে সন্তুস্ট নন তাহলে এর জন্য নালিশ করতে পারেন।

## রিপেয়ার গ্রাণ্টগুলি (Repair grants)

ছোটখাটো মেরামতির জন্য রিপেয়ার গ্রাণ্টগুলি দেওয়া হয়ে থাকে। সাধারনত মেরামতির খরচের ৫০% দেওয়া হয়ে থাকে (সর্বোচ্চ পরিমান হল ২,৭৫০ পাউন্ড।

**রিপেয়ার গ্রাণ্টের জন্য কি ভাবে আবেদন করতে হবে?**

কি ভাবে রিপেয়ার গ্রাণ্টের জন্য আবেদন করবেন সেই তথ্যের জন্য আপনার স্থানীয় কাউন্সিলের হাউজিং বিভাগের (প্রাইভেট সেকটর গ্রাণ্ট বিভাগ) সঙ্গে যোগাযোগ করুন।

# কেয়ার এবং রিপেয়ার গ্রান্টগুলি (Care and repair grants)

বয়স্ক এবং বিকলাঙ্গ ব্যক্তি যারা বাড়ীর মালিক এবং সেই বাড়ীতে বাস করেন, তারা যাতে সেই বাড়ীতে বসবাস করতে পারেন সেইজন্য কেয়ার এবং রিপেয়ার গ্রান্ট দেওয়া হয়ে থাকে।, যেমন, ছোটখাটো উন্নতি করনের জন্য টাকা দেওয়া হতে পারে।

আবেদনকারীর আয় এবং জমানো টাকা কত আছে সেটা বিবেচনা করে তাকে কতটা গ্রান্ট দেওয়া হবে তা ঠিক করা হয় - এটাকে বলা হয় আর্থিক সঙ্গতির পরীক্ষা(means testing)।

**আপনি কি ভাবে কেয়ার এবং রিপেয়ার গ্রান্টের জন্য আবেদন করবেন?**

কি ভাবে কেয়ার এবং পেয়ার গ্রান্টের জন্য আবেদন করবেন সেই তথ্যের জন্য আপনার স্থানীয় কাউন্সিলের হাউজিং বিভাগের (প্রাইভেট সেকটর গ্রান্ট বিভাগ) সঙ্গে যোগাযোগ করুন।

দি স্কটিশ কেয়ার এবং রিপেয়ার অফিসও আপনাকে এই ব্যাপারে উপদেশ দিতে পারে। তাদের আপনি নীচের ঠিকানায় যোগাযোগ করতে পারবেন:

কেয়ার এবং রিপেয়ার স্কটল্যান্ড (Care and Repair Scotland)

২৩৬ ক্লাইড স্ট্রীট (236 Clyde Street)

গ্লাসগো (Glasgow)

জি১ ৪জেএইচ (G1 4JH)

টেলিফোন: ০১৪১ ২২১ ৯৮৭৯ (Tel: 0141 221 9879)

## অন্যান্য ভাবে টাকা পাওয়ার সুবিধাগুলি

আপনার যদি গ্রান্ট পাওয়ার যোগ্যতা না থাকে অথবা গ্রান্টের টাকায় সব কাজ করানো না যায়, তাহলে হয়ত বাড়ীতে মেরামতির কাজ এবং উন্নতিকরনের জন্য অন্যান্য ভাবে টাকা তোলা যেতে পারে:

- হোম এনারজি এফিসিএন্সি স্কীম (Home Energy Efficiency Scheme) থেকে সাহায্য পাওয়া
- আপনার বাড়ী জামিন (home as security) রেখে টাকা ধার করা
- সোসাল ফান্ডের সাহায্য নেওয়া
- চ্যারিটি (charity) বা উপকারী (benevolent) সংস্থার কাছে গ্রান্ট বা লোনের জন্য আবেদন করা

# হোম এনারজি এফিসিএন্সি স্কীম (Home Energy Efficiency Scheme)

## থেকে সাহায্য পাওয়া

ইংল্যান্ডে এবং ওয়েলসে বাড়ীতে ইনস্বলেশন (insulation) ঠান্ডা আটকানো (draught proofing) এবং এই ধরনের অন্যান্য উন্নতি করন কাজের জন্য আপনি হোম এনারজি এফিসিএন্সি স্কীম (Home Energy Efficiency Scheme HEES) থেকে সাহায্য পেতে পারেন।

স্কটল্যান্ডে এবং নর্দান আয়ারল্যান্ডে বাড়ীর মালিক এবং প্রাইভেট ভাড়াটেদের জন্য এই গ্রান্ট পাওয়া যেতে পারে যদিও নিয়ম একটু অন্য রকমের। কেয়ারাররা (carers) এই গ্রান্টের জন্য স্কটল্যান্ডে ০৮০০ ০৭২ ০১৫০ এবং (carers) নর্দান আয়ারল্যান্ডে ০৮০০ ১৮১ ৬৬৭ ফোন করুন।

### কোন কোন ব্যাক্তি হোম এনারজি এফিসিএন্সি স্কীম (Home Energy Efficiency Scheme HEES) থেকে গ্রান্ট পেতে পারেন?

আপনি যদি ইংল্যান্ডে অথবা ওয়েলসে বাস করেন তাহলে আপনি হোম এনারজি এফিসিএন্সি স্কীম (HEES) অথবা হোম এনারজি এফিসিএন্সি স্কীম প্লাস (HEES plus) থেকে গ্রান্ট পেতে পারেন। এই গ্রান্ট পেতে হলে আপনার বয়স ৬০ বৎসরের কম হতে হবে এবং নিম্নলিখিতগুলির কোন একটা আপনার ক্ষেত্র প্রযোজ্য হতে হবে।

- বাড়ীতে ১৬ বৎসরের নীচে বাচ্চা আছে। আপনি চাইল্ড বেনিফিট এবং হয় ইনকাম সাপোর্ট, হাউজিং বেনিফিট, কাউন্সিল ট্যাক্স বিনিফিট, ওয়ার্কিং ফ্যামিলিস ট্যাক্স ক্রেডিট অথবা ইনকাম-বেইসড জব সিকারস এলাউন্স এর মধ্যে অন্তত একটা বেনিফিট পান।
- আপনি ডিস সেবলড পারসন্স ট্যাক্স ক্রেডিট, এটেনডেন্স এলাউন্স, ডিসেবিলিটি লিভিং এলাউন্স, ইন্ডাসট্রিয়াল ইনজুরিস ডিসেবলমেন্ট বেনিফিট (তার মধ্যে থাকতে হবে কন্সটান্ট এটেনডেন্স এলাউন্স) অথবা ওয়ার ডিসেবলমেন্ট পেনশন এই বেনিফিটগুলির মধ্যে একটা বা একটার বেশী পেয়ে থাকেন।
- আপনি নিম্নলিখিত একটা বা একটার বেশী বেনিফিট পেয়ে থাকেন। সেগুলি হল ডিসেবিলিটি প্রিমিয়াম, ইনকাম সাপোর্ট, হাউজিং বেনিফিট অথবা কাউন্সিল ট্যাক্স বিনিফিট।

### হোম এনারজি এফিসিএন্সি স্কীমের (Home Energy Efficiency Scheme) গ্রান্টগুলি কিসের জন্য দেওয়া হয়ে থাকে?

ইনস্বলেশন (insulation) ঠান্ডা আটকানো (draught proofing) এবং এই ধরনের অন্যান্য উন্নতি করন কাজের জন্য আপনি হোম এনারজি এফিসিএন্সি স্কীম (Home Energy Efficiency Scheme HEES) থেকে সাহায্য পেতে পারেন। এ ছাড়াও আপনি আংশিক গ্যাস সেন্ট্রাল হিটিং ব্যবস্থার, এবং কোন কোন এলাকায় নিরাপত্তার ব্যাবস্থা বসানোর জন্য সাহায্য পেতে পারেন।

### হোম এনারজি এফিসিএন্সি স্কীম (Home Energy Efficiency Scheme) থেকে আমি কত টাকার সাহায্য পেতে পারি?

সর্বচ্চো টাকার পরিমান হল ২০০০ পাউন্ড।

**হোম এনারজি এফিসিএন্সি স্কীম (HEES) অথবা হোম এনারজি এফিসিএন্সি স্কীম প্লাস (HEES plus) থেকে গ্রান্ট পারার জন্য আমি কি ভাবে আবেদন করতে পারি?**

হোম এনারজি এফিসিএন্সি স্কীম (HEES) গ্রান্টের আবেদনের জন্য ০৮০০ ১৮১ ৬৬৭ নম্বরে ফোন করুন।

হোম এনারজি এফিসিএন্সি স্কীম প্লাস (HEES plus) গ্রান্টের জন্য আবেদন করতে হলে আপনার বয়স ৬০ বৎসরের উপর হতে হবে এবং হয় ইনকাম সাপোর্ট, হাউজিং বেনিফিট, কাউন্সিল ট্যাক্স বিনিফিট অথবা ইনকাম-বেইসড জব সিকারস এলাউন্স এর মধ্যে অন্তত একটা বেনিফিট পেতে হবে।

## আপনার বাড়ী জামিন (home as security) রেখে টাকা ধার করা

বাড়ী যদি আপনার নিজের হয় তাহলে আপনি হয়ত আপনার বাড়ী জামিন (home as security) রেখে টাকা ধার করতে পারেন। অবশ্যই ধার নেওয়ার আগে দয়া করে এটা নিশ্চিত করবেন যে মাসে মাসে ধারের টাকা ফেরত দেওয়ার ক্ষমতা আপনার আছে। যদি আপনি মাসে মাসে ধারের টাকা ঠিকমত ফেরত দিতে না পারেন তাহলে আপনি আপনার বাড়ী হারাতে পারেন।

## চ্যারিটি (charity) বা উপকারী (benevolent) সংস্থার কাছে গ্রাণ্ট বা লোনের জন্য আবেদন করা

সরকার যে সর কাজের জন্য টাকার দেন না চ্যারিটি (charity) বা উপকারী (benevolent) সংস্থা সেই সব কাজের জন্য গ্রাণ্ট বা টাকা ধার দিতে পারেন।

বেশীরভাগ বড় বড় চ্যারিটিগুলি এবং উপকারী সংস্থাগুলির নাম গাইড টু গ্রান্টস ফর ইনডিভিজুয়েলস ইন নিড (Guide to Grants for Iindividuals in Need) নামক বইয়ে লিপিবদ্ধ করা আছে। সাধারনতঃ লাইব্রেরীগুলিতে এবং এডভাইস সেন্টারগুলিতে এই বইয়ের কপি থাকার কথা।

**আপনি যদি ইংল্যান্ডে বা ওয়েলসে বাস করেন তাহলে কি ভাবে নালিশ করবেন**

আপনি/আপনারা যদি গ্রান্টের জন্য আবেদন করে থাকেন এবং যে ভাবে আপনার/আপনাদের সঙ্গে ব্যবহার করা হয়েছে অথবা আপনার/আপনাদের আবেদনের যে বিচার (decision) করা হয়েছে সেই ব্যপারে সন্তুস্ট নন তাহলে এর জন্য স্থানীয় কাউন্সিলে অভিযোগ করতে পারেন। অভিযোগ লিখিতভাবে করা উচিৎ।

এতেও যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আপনি তাহলে স্থানীয় কাউন্সিলের অমবুডসম্যানের (Ombudsman) কাছে নালিশ জানান। নীচের ঠিকানাগুলির একটাতে লিখুন:

**লন্ডন (London)**

২১ কুইন্স এনস গেইট (21 Queen Ann's Gate)

লন্ডন এসডব্লু১এইচ ৯বিইউ (London SW1H 9BU)

**টেলিফোন:** ০২০ ৭৯১৫ ৩২১০ (Tel: 020 7915 32100)

**ইয়র্ক (York)**

বেভারলি হাউস ( Beverley House)

১৭ সিপটন রোড (17 Shipton Road)

ইয়র্ক ওয়াই০৩ ৬এফজেড (York Y03 6FZ)

**টেলিফোন:** ০১৯০৪ ৬৬৩২০০ (Tel: 01904 663200)

**কভেন্ট্রি (Coventry)**

দি ওকস নম্বর ২ (The Oaks No2)

ওয়েস্টউড ওয়ে (Westwood Way)

ওয়েস্টউড বিসনেস পার্ক (Westwood Buisness Park)

কভেন্ট্রি সিভি৪ ৮জেবি (Coventry CV4 8JB)

টেলিফোন: ০২৪ ৭৬৬৯ ৫৯৯৯ (Tel: 024 7669 5999)

**কারডিফ (Cardiff)**

ডারওয়েন হাউস (Derwen House)

কোর্ট রোড (Court Road)

ব্রিজেন্ড সিএফ ৩১ ১বিএন (Bridgend CF31 1BN)

টেলিফোন: ০১৬৫৬ ৬৬১৩২৫ (Tel: 01656 661325)

**আপনি যদি নর্দান আয়ারল্যান্ডে বাস করে ন তাহলে কি ভাবে নালিশ করবেন**

আপনি যদি গ্রাণ্টের জন্য আবেদন করে থাকেন এবং সেই আবেদনের উপর যে বিচার করা হয়েছে তাতে আপনি সন্তুষ্ট নন, তাহলে আপনি নীচের ঠিকানায় পার্লামেন্টারি কমিশনার ফর এডমিনিস্ট্রেশন এবং কমিশনার ফর কমপ্লেইন্সের কাছে নালিশ জানাতে পারেন।

৩৩ ওয়েলিংটন প্লেইস (33 Wellington Place)

বেলফাসট বিটি১ ৬এইচেন (Belfast BT1 6HN)

টেলিফোন: ০২৮ ৯০২৩ ৩৮২১ (Telephone: 028 9023 3821)

**আপনি যদি স্কটল্যান্ডে বাস করেন তাহলে কি ভাবে নালিশ করবেন**

আপনি/আপনারা যদি গ্রান্টের জন্য আবেদন করে থাকেন এবং যে ভাবে আপনার/আপনাদের সঙ্গে ব্যবহার করা হয়েছে অথবা আপনার/আপনাদের আবেদনের যে বিচার (decision) করা হয়েছে সেই ব্যপারে সন্তুস্ট নন তাহলে এর জন্য স্থানীয় কাউন্সিলে অভিযোগ করতে পারেন। অভিযোগ লিখিতভাবে করা উচিৎ।

এতেও যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আপনি তাহলে স্থানীয় কাউন্সিলের অমবুডসম্যানের (Ombudsman) কাছে নীচের ঠিকান নালিশ জানিয়ে লিখুন:

২৩ ওয়াকার স্ট্রীট (23 Walker Street)

এডিনবরা ইএইচ৩ ৭এইচেক্স (Edinburgh EH3 7HX)

টেলিফোন: ০১৩১ ২২৫ ৫৩০০ (Telephone: 0131 225 5300